



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


নং- ৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০২.২২- ২১০২

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন মৌলভীবাজার জেলার কুলাউড়া পৌরসভার মেয়র, জনাব সিপার উদ্দিন আহমদকে চিকিৎসার উদ্দেশ্যে যাত্রার তারিখ হতে মোট ১৫ (পনেরো) দিন বহিঃবাংলাদেশ ছুটিতে নিম্নোক্ত শর্তে ভারত গমনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

- (ক) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার এবং কুলাউড়া পৌরসভার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (গ) তাঁর বিদেশ ভ্রমণকালীন সময়ে প্যানেল মেয়র-১ কুলাউড়া পৌরসভা মেয়রের দায়িত্ব পালন করবেন;
- (ঘ) বিদেশে অবস্থানকালে কোন সভা/সমাবেশে অংশগ্রহণ করে রাষ্ট্রের জন্য হানিকর কোন বক্তব্য প্রদান করা যাবে না;
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে যথারীতি সরকারকে অবহিত করবেন এবং
- (চ) বিএসআর পার্ট-১ এর Appendix-৪ এর বিধি-৩৪ অনুযায়ী অনুমোদিত ছুটি ৩৫(পঁয়ত্রিশ) দিনের মধ্যে ভোগ শুরু করতে হবে।



(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২
মেইল-lgpaura1@lgd.gov.bd

নং- ৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০২.২২- ২১০২/৩ (২)

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, বহিঃগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. পরিচালক, হযরত শাহজালাল (র) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মেয়র/প্যানেল মেয়র, কুলাউড়া পৌরসভা, কুলাউড়া [মেয়রের ছুটিকালীন সময়ে প্যানেল মেয়র-১ কুলাউড়া পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করবেন]।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২
মেইল-lgpaura1@lgd.gov.bd